



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৪৬৫

তারিখঃ ২৪/০৬/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫২১ তম কমিশন সভা অদ্য ২৪/০৬/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

1. Khan Brothers PP Woven Bag Industries Limited এর ১০ টাকা মূল্যমানের ২ কোটি টি সাধারণ শেয়ার (অভিহিত মূল্যে) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারিজ ক্রয়, দালান কোঠা নির্মাণ, ব্যাংক ঋণ পরিশোধ, চলতি মূলধন সংস্থান এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাবসহ বিগত পাঁচ বছর অনুযায়ী (Weighted Average) শেয়ার প্রতি আয় (EPS) ০.৮৭ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৪.৬৯ টাকা (পুনঃ মূল্যায়িত)। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited এবং BMSL Investment Limited।
2. কমিশন আজকের সভায় Trust Bank Limited এর ২০০ কোটি টাকার Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৬ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Non-convertible, Unsecured Redeemable Subordinated Bond, yield to maturity 12.5%। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবে। উল্লেখ্য এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান অর্থ উত্তোলন করে Trust Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি, ব্যাংকের চলতি প্রবৃদ্ধি বজায় রাখা, ইত্যাদি কাজে ব্যয় করবে। Trust Bank Limited, Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের ইস্যু ম্যানেজার হিসেবে IDLC Finance Limited কাজ করছে।
3. বার্ষিক সাধারণ সভায় রাইট শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কমিশনে প্রস্তাব দাখিলে ব্যর্থতার ফলে Securities and Exchange Commission (Right Issue) Rules, 2006 এর Rules 7(1) ভঙ্গ করায় The Dacca Dyeing & Manufacturing Co. Ltd. -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
4. পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানী Malek Spinning Mills Limited এর সহযোগী প্রতিষ্ঠান (Subsidiary) Salek Textile Limited এর সংগে অপর সহযোগী প্রতিষ্ঠান Titas Spinning & Denim Co. Limited একীভূতকরণের (Amalgamation) প্রেক্ষিতে Salek Textile Limited (transferee) কে ১০০ টাকা মূল্য মানের ৮,২৬,০৮৭ টি সাধারণ শেয়ার Titas Spinning & Denim Co. Limited (transferor) এর শেয়ার হোল্ডারদের অনুকূলে Titas Spinning & Denim Co. Limited এর প্রতি ৪.৬০টি সাধারণ শেয়ারের জন্য Salek Textile Limited এর ১টি সাধারণ শেয়ার ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর ফলে Salek Textile Limited এর পরিশোধিত মূলধন ৪০,০০,০০,০০০ (চল্লিশ কোটি) টাকা থেকে ৪৮,২৬,০৮,৭০০ (আটচল্লিশ কোটি ছাব্বিশ লাখ আট হাজার সাতশত) টাকায় উন্নীত হবে। উল্লেখ্য, Salek Textile Limited -এর ৯৭.৫০% এবং Titas Spinning & Denim Co. Limited এর ৯৯.৯৭% শেয়ার Malek Spinning Mills Limited ধারণ করছে।
5. এছাড়াও আজকের সভায় কমিশনে Office of the Chief Accountant এর দপ্তর স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র